মাইলস্টোন ট্রাজেডি: মুজিবনগরে মাহিয়ার কবরে বিমানবাহিনীর শ্রদ্ধা

বিমান বাহিনী প্রধানের পক্ষ থেকে মাইলস্টোন স্কুল এন্ড কলেজের দুর্ঘটনায় নিহত শিক্ষার্থী মাহিয়া তাসনিম মায়া’র কবরে শ্রদ্ধাজ্ঞাপন, ও তাঁর আত্মার মাগফেরাত কামনা করে দোয়া অনুষ্ঠিত হয়েছে।

মুজিবনগর উপজেলার জয়পুর গ্রামের জামে মসজিদে দোয়া শেষে মাহিয়ার কবরে পুস্পস্তবক দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন।

বিমানবাহিনীর স্কোয়াডন লিডার ইকতিদার অভিবাদন গ্রহণ করেন। এসময় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল, মেহেরপুর অতিরিক্ত পুলিশ সুপার জামিনুর রহমান খান, নিহত মাহিয়া তাসনিমের নানা নজরুল ইসলামসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

এর আগে শুক্রবার বেলা ১২টার দিকে বিমান বাহিনীর উইং কমান্ডার রেহানা ও স্কোয়াডন লিডার ইকতিডারের নেতৃত্বে ১৯ সদস্যের একটি টিম নিহত মাহিয়া তাসনিম মায়ার পরিবারের সাথে স্বাক্ষাত করে সমবেদনা জ্ঞাপন করেন।

তারা নিহত মাহিয়া তাসনিমের মা আফরোজা আক্তার বিউটির ও নানা নজরুল ইসলামের সাথে কথা বলেন।

পরে তার কবর জিয়ারত শেষে স্থানীয় মসজিদে আয়োজিত মিলাদ মাহফিলে অংশ নেন।

উল্লেখ্য, মাহিয়া মাইলস্টোন স্কুলের অষ্টম শ্রেনীর ছাত্রী ও চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি গ্রামের প্রয়াত প্রকৌশলী মোহাম্মদ আলীর মেয়ে।

২৪ জুলাই বিকেলে রাজধানীর শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে চিকিৎসাধীন অবস্থায় মারা যায় মাহিয়া।
পরে তার নানাবাড়ি মেহেরপুরের মুজিবনগর উপজেলার জয়পুর গ্রামে কবরস্থানে দাফন করা হয় মাহিয়াকে।

# [redacted]

[redacted]

হরিণাকুণ্ডুতে এক মাস ২৫দিন পর কবর থেকে লাশ উত্তোলন

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে আদালতের নির্দেশে এক মাস ২৫দিন পরে কবর থেকে হাবিবুর রহমানের লাশ উত্তোলন করা হয়েছে।

বুধবার (২৬ ফেব্রুয়ারি) দুপুরে উপজেলার খলিশাকুণ্ডু কবরস্থান থেকে উপজেলা নির্বাহী ম্যাজিষ্টেটের সামনে এই লাশ উত্তোলন করা হয়।

হাবিবুর হরিণ্কুাণ্ডু উপজেলার ওই গ্রামের মৃত হাজী আকবর আলী বিশ্বাসের ছেলে। গত ১ জানুয়ারী ঝিনাইদহ শহরের আরাপুর এলাকার পারভীনা নাম এক বাসায় তিনি মৃত্যু বরণ করেণ। এসময় তার ভাই ভাতিজারা জানান হাবিবুর রহমান স্ট্রোক জনিত কারণে মৃত্যু বরণ করেছে। কিন্তু এই মৃত্যু নিয়ে তার স্ত্রী বুলবুলি খাতুন সন্দেহ প্রসন করে এবং স্ট্রোক জনিত কারণে তিনি মারা জাননি বলে দাবি করেন। কয়েক দিন ৫ ফেব্রুয়ারি বুলবুলি খাতুন খলিশাকু-◌ু গ্রামের হাবুলের সাবেক স্ত্রী পারভীনাসহ কয়েকজন অজ্ঞাত নামাদের বিরুদ্ধে কোর্টে মামলা করেণ। পরবর্তিতে বিষয়টি নিশ্চিত হতে কোর্ট হাবিবুরের পোষ্ট মর্টেমের নির্দেশ দেয়। এই নির্দেশানুসারে হরিণাকুণ্ডু থানা পুলিশের সহযোগীতায় বুধবার দুপুরে হাবিবুর রহমানের মরদেহটি কবর থেকে উঠানো হয়। লাশ উত্তোলনের পর পুলিশ লাশটি পোষ্ট মর্টামের উদ্দেশ্যে ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে নিয়ে যায়।

এ ব্যাপারে হরিণাকুণ্ডু থানার অফিসার ইনচার্জ আব্দুর রউফ বলেন এখানে কোন মামলার নথি আসেনি কবে মামলা হয়েছে তা জানিনা তবে পোর্স্ট মর্টামের জন্য লাশ উত্তোলনে পুলিশের সহায়তা চেয়ে আদালতের থেকে পত্র দেওয়া হয়েছে আমরা সেই অনুসারে ভবানীপুর পুলিশ ফাঁড়িকে নির্দেশ দিয়েছি।

# [redacted]

[redacted]

[redacted]